গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shedu.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০০১.০০১.২০১৮.৮১ তারিখ: ০৭/০২/২০১৮ খ্রি:

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ) এর শিক্ষক-কর্মচারীর বেতন ভাতার সরকারি অংশ স্থগিত, কর্তন, বাতিল ও ছাড়করণের নিমিত্ত ২২.০১.২০১৮ তারিখে অনুষ্ঠিত পুনর্বিবেচনা কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ) এর শিক্ষক-কর্মচারীর বেতন ভাতার সরকারি অংশ স্থগিত, কর্তন, বাতিল ও ছাড়করণের নিমিত্ত ২২.০১.২০১৮ তারিখে অনুষ্ঠিত পুনর্বিবেচনা কমিটির সভার কার্যবিবরণী মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে ।

০২. এমতাবস্থায়, কমিটির নিম্নবর্ণিত সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ।

| ক্র: নং | বিবেচ্য বিষয় | আলোচনা/সুপারিশ |
|---|---|---|
| ১ | টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলাধীন জয়ভোগ পাবলিক উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক জনাব মো: লুৎফর রহমান এম.পি.ও ভুক্তি সংক্রান্ত । | সভায় উপস্থিত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি বলেন যে, জয়ভোগ পাবলিক উচ্চ বিদ্যালয়ে প্যাটার্ণভুক্ত কর্মরত ০৫ জন শিক্ষক পুরুষ। এম.পি.ও ভুক্ত কর্মরত কোন মহিলা শিক্ষক নেই।<br>জনবল কাঠামো নির্দেশিকার ৯(৩) অনুচ্ছেদ অনুযায়ী শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সরকারি নির্দেশনা অনুযায়ী মহিলা কোটা পূরণ করতে হবে । মন্ত্রণালয়ের ০৭.০৮.২০১২ তারিখে জারীকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে মহিলা শিক্ষক নিয়োগ সংক্রান্ত প্রজ্ঞাপনের ২ অনুচ্ছেদে উল্লেখ করা হয়েছে যে, জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশনা মোতাবেক মহানগর অথবা জেলা সদরের পৌর এলাকার ক্ষেত্রে ৪০% এবং অন্যান্য এলাকার ক্ষেত্রে অন্তত ২০% বাধ্যতামূলক ভাবে মহিলা শিক্ষক নিয়োগ করতে হবে ।<br>জনবল কাঠামো অনুযায়ী মহিলা কোটা পূরণ না থাকায় সহকারী শিক্ষক জনাব মো: লুৎফর রহমান এর এম.পি.ও ভুক্তির ক্ষেত্রে মহিলা কোটার শর্ত শিথিলের সুযোগ নেই। প্রতিষ্ঠান প্রদত্ত চাহিদার প্রেক্ষিতে এন.টি.আর.সি সুপারিশকৃত শিক্ষককে প্রতিষ্ঠান কর্তৃক নিয়োগ দেয়ায় প্রতিষ্ঠান থেকে বেতন ভাতা প্রদানের জন্য কমিটি সুপারিশ করে। |
| ২ | পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলাধীন গলাচিপা আইডিয়াল নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক (শরীরচর্চা) জনাব মু: সাইফুল ইসলাম এম.পি.ও ভুক্তি । | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, জনাব মু: সাইফুল ইসলাম এর নিয়োগ ২৫.০৯.২০০৪ সালে । প্রতিষ্ঠানটি এম.পি.ও ভুক্ত হয় জানুয়ারি ২০১৬ সালে।<br>প্রতিষ্ঠাকালিন শিক্ষক হিসেবে নিয়োগকালিন সকল মূল কাগজপত্র যাচাই-বাছাই সাপেক্ষে যোগ্যতা অর্জনের পর তার এম.পি.ও ভুক্তির বিষয়টি বিবেচনার জন্য কমিটি সুপারিশ করে। |
| ৩ | রাজশাহী জেলার চারঘাট উপজেলাধীন রায়পুর (দক্ষিন) নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক (কাব্যতীর্থ) জনাব নিপেন্দ্রনাথ প্রাং এর বেতন ভাতা প্রদান প্রসংগে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি সভাকে জানান যে, জনাব নিপেন্দ্রনাথ প্রাং এর কাব্যতীর্থ সনদটি বাংলাদেশ সংস্কৃত ও পালি শিক্ষা বোর্ড,ঢাকা হতে যাচাই করা হয়েছে। জনাব নিপেন্দ্রনাথ প্রাং এর কাব্যতীর্থ সনদটি সঠিক নয় মর্মে সংস্কৃত ও পালি শিক্ষা বোর্ড জানিয়েছে।<br>ভূয়া সনদধারীর প্রস্তাব বার বার প্রেরণ করায় প্রধান শিক্ষক কে কারণ দর্শানো এবং ভূয়া সনদধারীর বিরুদ্ধে ফৌজদারী ব্যবস্থা গ্রহণের জন্য কমিটি সুপারিশ করে। |

| | | |
|---|---|---|
| ৪ | ইংরেজী শিক্ষক হিসেবে ২য় বার চুক্তিভিত্তিক নিয়োজিত জনাব জিতেন্দ্র নাথ বিশ্বাস সাবেক উপাধ্যক্ষ, কলসকাঠী ডিগ্রী কলেজ, বরিশাল এর ০২ বছরের সরকারি বেতন ভাতা প্রদান সংক্রান্ত । | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ০৭.০১.২০০৭ তারিখের পত্রে উল্লেখ করা হয়েছে যে, ১লা জুলাই ২০০৬ হতে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজী ও বিজ্ঞান (গণিত,পদার্থ ,রসায়ন ) বিষয়সহ শিক্ষকগণের চুক্তিভিত্তিক নিয়েগ/পুনঃ নিয়োগের ক্ষেত্রে বেতন ভাতার সরকারী অংশ প্রদান করা হবে না । এরূপ কোন নিয়োগ করা হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে তার ব্যয়ভার বহণ করতে হবে। জনাব জিতেন্দ্র নাথ বিশ্বাস চুক্তিভিত্তিক নিয়োগ ২য় পর্যায়ে ২৫.০৭.২০০৭ তারিখে হওয়ায় তাকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হতে গত ১৯.০৫.২০১৫ তারিখে জানিয়ে দেয়া হয়েছিল।<br><br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ০৭.০১.২০০৭ তারিখের পত্র অনুযায়ী জিতেন্দ্র নাথ বিশ্বাস এর বেতন ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বহন করার বিধান থাকায় তার আবেদন বিবেচনার সুযোগ নেই। |
| ৫ | ময়মনসিংহ জেলার ফুলপুর উপজেলার চান্দপুর কলেজের প্রভাষক (সমাজ কল্যান) জনাব মোহাম্মদ মিজানুর রহমান এর এম.পি.ও ভুক্তি । | জনাব মোহাম্মদ মিজানুর রহমান কে এম.পি.ও ভুক্তির জন্য অনলাইনে আবেদন করার পরামর্শ প্রদানের জন্য কমিটি সুপারিশ করে। |
| ৬ | জনাব বীরেন চন্দ্র চক্রবর্তী, সিনিয়র সহকারি শিক্ষক,বিবিচিনি নিয়ামতিযুক্ত মাধ্যমিক বিদ্যালয়, বেতাগী, বরগুনা ও জনাব জুরান চক্রবর্তী,সিনিয়র সহকারি শিক্ষক,বি,এম স্কুল, বরিশাল এর এম.পি.ও স্থগিতাদেশ প্রত্যাহার। | সভায় বিস্তারিত আলোচনার পর পাবলিক পরীক্ষাসমূহ (অপরাধ) আইন, ১৯৮০ এর ৫ নং ধারা অনুযায়ী প্রধান পরিক্ষক জনাব জুরান চন্দ্র চক্রবর্তী ও জনাব বীরেন চন্দ্র চক্রবর্তী এর বিরুদ্ধে কোন ফৌজদারী কার্যক্রম গ্রহণ করা হয়েছিল কিনা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, বরিশালের নিকট হতে জানার জন্য কমিটি সুপারিশ করে। |
| ৭ | বরগুনা জেলার আমতলী উপজেলাধীন চুনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের অফিস সহকারি (অবসরপ্রাপ্ত) এর অবসর সুবিধা প্রাপ্তির বিষয়ে ডিআইএর সুপারিশ বিবেচনা সংক্রান্ত। | সভায় বিস্তারিত আলোচনান্তে ডিআইএ এর ব্রডশিটের জবাব প্রদানের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর প্রধান শিক্ষককে পত্র দিবে মর্মে কমিটি সুপারিশ করে । |

সংযুক্তি : বর্ণনামতে

৭.২.১৮

( নুসরাত জাবীন বানু)
যুগ্মসচিব
ফোন : ৯৫৪০৫১৭

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন,ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রলালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা ।
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।
০৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪. ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৫. ব্যক্তিগত কর্মকর্তা,যুগ্মসচিব (বেসরকারি মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।